<table>
<tr><td></td><td>৮। গ্রীষ্মকালীন ভূট্টা জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরী<br>৯। এছাড়াও ৮-১০টি স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ।<br>এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :<br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, এ মাসে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ৩৩.২৫ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১০.২০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৪০.০০ লক্ষ, প্রনোদনা ঋণ ---- লক্ষ, মোট ৮৩.৪৫ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ৩০.৫১ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১০.৬২ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩৯.৫৪ লক্ষ, প্রনোদনা ঋণ ২.২৫ লক্ষ, মোট ৮২.৯২ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৯৫%, নারী উদ্যোক্তা ঋণ ৮৫%, উদ্যোক্তা ঋণ ৯৬%, প্রনোদনা ঋণ ১০০%, গড় ৯৪% এবং সকল ধরনের সঞ্চয় আদায় = ১৫.৯৯ লক্ষ, সঞ্চয় ফেরত = ১৬.৩৯ লক্ষ টাকা মাত্র। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভালুকা</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকলপ্) :<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ্র) এর কার্যালয় হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি।</td><td></td><td>প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা</td></tr>
<tr><td>২১</td><td>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) এর কার্যপত্র পাওয়া যায়নি।</td><td></td><td>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) ভালুকা</td></tr>
<tr><td>২২</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক :<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা শাখা, ময়মনসিংহ সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৭৮৯৭ জন। এ মাসের ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম নিম্নরুপ :<br><table><tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>লক্ষ মাত্রা (লক্ষ টাকায়)</th><th>অর্জন (লক্ষ টাকায়)</th><th>অর্জনের হার</th></tr><tr><td>০১</td><td>সঞ্চয় আদায়</td><td>-</td><td>৯.৯০</td><td>-</td></tr><tr><td>০২</td><td>ঋণ বিতরণ</td><td>১৬৫.১৬</td><td>১৩৫.৯৬</td><td>৮৩%</td></tr><tr><td>০৩</td><td>ঋণ আদায়</td><td>১৬৫.১৬</td><td>১২০.৬১</td><td>৭৩%</td></tr></table>এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা কে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা, ময়মনসিংহ।</td></tr>
<tr><td>২৩</td><td>ইসলামিক ফাউন্ডেশন :<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমের ১৭৫ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭২টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ১০২টি ও বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি। এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে। সহজ কোরআন শিক্ষা ও বয়স্ক শিক্ষা এবং দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে তবে প্রাক-প্রাথমিক কেন্দ্রর পাঠদান কার্যক্রম সরকারী নির্দেশনা পেলে পাঠদান চালু করা হবে।</td><td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় ।</td><td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা</td></tr>
<tr><td>২৪</td><td>ক) উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে কর্মরত সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (১জন) ও জীপগাড়ী চালক (১জন) একই পদে সরকারি চাকুরি ১০ (দশ) বৎসর পূর্তিতে পরবর্তী ১ম উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন যাহা সরকারি বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করেছেন। উপজেলা পরিষদ কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে সরকারি বিধি :<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের (বাস্তবায়ন অনুবিভাগ) ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখের (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) উপানুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২১-০৯-২০১৬ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নম্বর পরিপত্রের গ(৩) উপানুচ্ছেদ এর আলোকে একই পদে চাকুরিকাল ১০ বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন।</td><td>ক) বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের সাঁট - মুদ্রাক্ষরিক - কাম - কম্পিউটার অপারেটর (১জন) ও জীপগাড়ী চালক (১জন) দুইজন কর্মচারীর পরবর্তী ১ম উচ্চতর গ্রেড প্রদানে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা।</td></tr>
</table>

